

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ১৮. হত্যার বিভিন্ন পদ্ধতির নির্দেশনা / ৯. ৪. ১৮. ১. শিশুদের পাথরে আছড়ে মারার নির্দেশনা! / ৯. ৪. ১৮. ২. গর্ভবর্তী মহিলাদের উদর বিদীর্ণ করা / ৯. ৪. ১৮. ৩. পশুদের পায়ের শিরা কেটে দেওয়ার নির্দেশ

৯. ৪. ১৮. হত্যার বিভিন্ন পদ্ধতির নির্দেশনা

উপরে আমরা হত্যা বিষয়ে বাইবেলের কিছু নির্দেশনা দেখলাম। এ সকল নির্দেশ বাস্তবায়নের কিছু পদ্ধতিও বাইবেল শিক্ষা দিয়েছে। কয়েকটা নির্দেশনা দেখুন:

৯. ৪. ১৮. ১. শিশুদের পাথরে আছড়ে মারার নির্দেশনা!

আমরা দেখলাম, বাইবেলীয় যুদ্ধের অন্যতম বিষয় নারী, শিশু ও পশু হত্যা। শিশুদের হত্যার ক্ষেত্রে নির্দয়তা, নির্মমতা ও পাথরে আছড়ে মারার পদ্ধতি উল্লেখ করেছে বাইবেল: "তাদের চোখের সামনে শিশুদের আছাড় দিয়ে মারা হবে; তাদের ঘর-বাড়ী লুট করা হবে এবং স্ত্রীদের ধর্ষণ করা হবে। ... তারা ধনুক দিয়ে যুবকদের হত্যা করবে; তারা শিশুদের প্রতি কোন দয়া করবে না কিংবা ছেলেমেয়েদের দিকে মমতার চোখে তাকাবে না।" (ইশাইয়া/ যিশাইয় ১৩/১৬-১৮)।

আমরা দেখেছি যে, বাইবেলের শিক্ষা অনুসারে শিশুদেরকে এভাবে আছড়ে মেরে ফেলা ঈশ্বরের এত প্রিয় পুণ্যকর্ম যে, যারা এভাবে শিশুদেরকে আছড়ে আছড়ে মারবে তাদের জন্য বাইবেলে বিশেষভাবে দোআ করা হয়েছে: "মোবারক সেই লোক যে তোমার শিশুদের ধরে পাথরের উপর আছড়াবে (ধন্য সেই, যে তোমার শিশুদেরকে ধরে, আর শৈলের উপর আছড়ায়)।" (জবুর/ গীতসংহিতা ১৩৭/৯)

৯. ৪. ১৮. ২. গর্ভবর্তী মহিলাদের উদর বিদীর্ণ করা

গর্ভবতী মহিলাদের হত্যার ক্ষেত্রে পেট চিরে হত্যার পদ্ধতি উল্লেখ করেছে বাইবেল। বিভিন্ন স্থানে এ জাতীয় নির্দেশনা বিদ্যমান। এক স্থানে বলা হয়েছে: "সামেরিয়ার লোকেরা তাদের আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করেছে বলে দায়ী হবে। তারা যুদ্ধে মারা পড়বে; তাদের ছোট ছেলেমেয়েদের মাটিতে আছাড় মেরে চুরমার করা হবে এবং তাদের গর্ভবতী স্ত্রীলোকদের পেট চিরে ফেলা হবে।" (হোসিয়া ১৩/১৬)

৯. ৪. ১৮. ৩. পশুদের পায়ের শিরা কেটে দেওয়ার নির্দেশ

আমরা দেখেছি, গরু, ছাগল, ভেড়া, ঘোড়া ইত্যাদি 'শ্বাসবিশিষ্ট' সকল প্রাণি হত্যা করা বাইবেলের অন্যতম নির্দেশনা। প্রাণি হত্যার ক্ষেত্রে পায়ের শিরা কেটে হত্যা করার পদ্ধতি শিক্ষা দিয়েছে বাইবেল: "তখন মাবুদ ইউসাকে বললেন, 'তুমি তাদের ভয় কোরো না, কারণ কালকে আমি এই সময়ের মধ্যে বনি-ইসরাইলদের সামনে তাদের সবাইকে শেষ করে দেব। তুমি তাদের ঘোড়াগুলোর পায়ের শিরা কেটে দেবে এবং রথগুলো পুড়িয়ে ফেলবে।" (ইউসা ১১/৬)

একটা অবলা প্রাণিকে অকারণে হত্যা করা ভয়ঙ্কর নির্মমতা বলে গণ্য। কিন্তু তাকে জীবিত রেখে পায়ের শিরা



কেটে ক্রমাম্বয় যন্ত্রণার মাধ্যমে মেরে ফেলা আরো অনেক বেশি নির্মম। কিন্তু বাইবেল এরূপই নির্দেশ দিয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14572

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন